গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: ডিসেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৬ ডিসেম্বর, ২০২২
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
বিবেচ্য মাস : নভেম্বর,২০২২

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়।অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম গত ২৭/১১/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন। উপস্থাপিত নভেম্বর ২০২২ মাস এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

আলোচ্যসূচি : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা:

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর,ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখঃ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে ।

চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাওয়া হলে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান যে স্থানীয় ,সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর মাধ্যমে এ জেলার ৯টি উপজেলায় ১০(দশ)টি প্যাকেজে ১৯(উনিশ)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে । তন্মধ্যে ১৬(ষোল)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি সীমানা প্রাচীরের নির্মাণ শতভাগ সম্পন্ন হয়েছে এবং শতভাগ সম্পন্ন ১৫(পনের)টি ইউনিয়ন ভূমি অফিস ও ০৪(চার)টি সীমানা প্রাচীর সংশ্লিষ্ট সহকারী কমিশনার(ভূমি)গণের নিকট হস্তান্তর করা হয়েছে এবং ০১(এক)টি ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তরের অপেক্ষায় আছে। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম উপজেলাভিত্তিক চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের তথ্য সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| ক্রঃ নং | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজারহাট | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/ | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা,লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ৯৫% |
| ২ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | ৫৪,৫২,০০০/- | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ হরিকেশ কুড়িগ্রাম । | ১৬/১০/২০২০ | ৯৮% |
| ৩ | চর-রাজিবপুর | মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৯,৭০,০০০/- | মেসার্স সাউদি ট্রেডিং লালমনিরহাট। | ২৮/১১/২০২০ | ১০০% |
| | | চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস | ৬৮,৫৫,০০০/- | মেসার্স সমাপ্তি ট্রেডার্স চিলমারী, কুড়িগ্রাম । | ২৮/১১/২০২০ | ১০০% |

চলমান-২

উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট জানান যে, রাজারহাট উপজেলাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সেখানে অফিসের কার্যক্রম চালু করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর দপ্তর হতে অর্থ ছাড় না করায় সামনে মাটি ভরাটের কাজ সম্পন্ন করতে বিলম্ব হচ্ছে। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে প্রয়োজনীয় অর্থ ছাড় করে আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই মাটি ভরাটের কাজ সম্পন্ন করার জন্য তাগিদ দেয়া হয়।

সহকারী কমিশনার(ভূমি), কুড়িগ্রাম সদর জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলাধীন ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে সেখানে অফিসের কার্যক্রম চালু করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান যে, সংযোগ রাস্তা নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। অভ্যন্তরিণ ড্রেন নির্মাণ কাজ চলছে। আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূবেই ড্রেন নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য তাগিদ দেয়া হয়।

উপজেলা নির্বাহী অফিসার,চর-রাজিবপুর জানান যে, চর-রাজিবপুর উপজেলায় মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিসে ভবন এবং চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিসের ভবন নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস ভবন হস্তান্তর এবং মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস ভবন ইতোমধ্যে হস্তান্তর করা হয়েছে মর্মে নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে সভায় অবহিত করেন।

নির্মাণাধীন ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুণগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয় ।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী প্রকল্প পরিচালকের দপ্তর,ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি)(সকল),কুড়িগ্রাম। |
| ২। প্রয়োজনীয় অর্থ ছাড় করে আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই রাজারহাট উপজেলাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস এর সামনে মাটি ভরাট কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। |
| ৩। কুড়িগ্রাম সদর উপজেলাধীন নির্মাণকৃত ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অভ্যন্তরিণ ড্রেন নির্মাণ কাজ আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি),কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। |
| ৪। চর-রাজিবপুর উপজেলাধীন চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস ভবন এবং মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস ভবন এর নির্মাণ কাজ ও হস্তান্তর সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি),চর-রাজিবপুর, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার আহবান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০১/২০১৬

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮.১১৫ (২৬)

তারিখ : ০৪ মাঘ, ১৪২৯
১৮ জানুয়ারি,২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,রংপুর বিভাগ, রংপুর।
৩। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।
৪। নির্বাহী প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৫। উপজেলা নির্বাহী অফিসার,..............................,(সকল), কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার(ভূমি),,...............................,(সকল)কুড়িগ্রাম।
৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম(জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৯। গোপনীয় সহকারী,অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম (অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি ।

(নিশাত তামান্না)
পরিচিতি নং-১৮০০৮
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম
ফোন: ০২৫৮৯৯-৫০১১৪(অঃ)
ই-মেইল: rdckurigram@mopa.gov.bd